১০-০৩-৯৯ (২৬-১১-১৪০৫) তারিখে অনুষ্ঠিত সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫৭তম বৈঠকের কার্যবিবরণী

বৈঠকের আলোচ্যসূচি / সংশ্লিষ্ট মন্ত্রণালয় ঃ পানি সম্পদ মন্ত্রণালয়

পর্যায়ক্রমিক অনুচ্ছেদ ৬৯০২-৭০৬৬

১০-০৩-৯৯ খ্রিঃ তারিখ রোজ বুধবার বিকাল ০৩:০০ ঘটিকায় ৭ম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৫৭তম বৈঠক উক্ত কমিটির মাননীয় সভাপতি
জনাব এস এম আকরাম-এর সভাপতিত্বে সংসদ ভবনস্থ ১নং স্থায়ী কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়।

৬৯০৩। বৈঠকে কমিটির নিম্নেবর্ণিত মাননীয় সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

(১) উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ;
(২) জনাব আবুল কালাম আজাদ; এবং
(৩) জনাব আবদুল মান্নান।

৬৯০৪। বৈঠকে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ১৯৮৯-৯০ সালের হিসাব সম্পর্কে বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর অডিট রিপোর্টে অডিট আপত্তি সম্পর্কে ব্যাখ্যা প্রদানের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় ও এর অধীনস্থ পানি উন্নয়ন বোর্ডের নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

(১) জনাব এ টি এম শামসুল হুদা, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়;
(২) জনাব এ কিউ এম কামরুল হক, অতিরিক্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়;
(৩) জনাব এ কে এম শামসুল হক, চেয়ারম্যান, পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ মন্ত্রণালয়;
(৪) জনাব মোঃ মাসুদ এলাহী, উপ-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়;
(৫) জনাব মোঃ হেমায়েতুল ইসলাম, পরিচালক (অডিট), পানি উন্নয়ন বোর্ড;
(৬) জনাব এ এম ডি নুরুল হুদা, উপ-পরিচালক, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা;
(৭) জনাব হাবীব আবু ইব্রাহীম, সদস্য (অর্থ), পানি উন্নয়ন বোর্ড, ঢাকা;
(৮) জনাব মোঃ ইব্রাহিম, সিনিয়র অডিটর, অডিট পরিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা;
(৯) জনাব মোঃ ওয়ালী উল্লাহ খান, র‍্যাক প্রধান আ৺লিক হিসাব কেন্দ্র (যাস), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেজগাঁও ঢাকা; এবং
(১০) জনাব শাহ নজরুল ইসলাম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড।

৬৯০৫। বৈঠকে সহায়তা প্রদানের জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

(১) জনাব এম হাফিজ উদ্দিন খান, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক;
(২) জনাব রেজাউদ্দিন এম চৌধুরী, ডিসিএন্ডএজি, সিএন্ডএজি কার্যালয়;
(৩) জনাব আবদুহু মাহমুদ খান, মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর;
(৪) জনাব হাফিজ উদ্দিন আহমদ, উপ-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর;
(৫) জনাব আফতাব আহমদ, এডিসিএজি (সংসদ);
(৬) জনাব চন্দন কান্তি বৈদ্য, এসি এন্ড এজি (রিপোর্ট);
(৭) জনাব আঃ আউয়াল চৌধুরী, বিভাগীয় হিসাব রক্ষক।

৬৯০৬। বৈঠকে সাচিবিক দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

(১) জনাব মোঃ আব্দুল কাদের, সিনিয়র সহকারী সচিব, (কমিটি শাখা-১); এবং
(২) শেখ শাহামত আলী, পিএস টু মাননীয় সভাপতি, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি।

পানি সম্পদ মন্ত্রণালয়

(১) পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ১৯৮৯-৯০ সালের হিসাব সম্পর্কে বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর অডিট রিপোর্ট।

৬৯০৮। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৫, অনুচ্ছেদ ১ ঃ
অডিট আপত্তি ঃ সেচ কর বাবদ ১,০৩,৮৫৯ টাকা অনাদায়।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
১৯৮৭-৮৮ সনের শষ্য মৌসুমে ১০১১.৭৭ একর জমি সেচকর আওতায় আনিয়া সেচকর বাবদ ১,১০,৩১৮.৫০ টাকা ধার্য করা হয়। উহার মধ্যে ৬,৪৫৯.২০ টাকা অতীব কষ্টের সহিত

আদায় করা সম্ভব হয়। সেচকর বাবদ ধার্যকৃত টাকা সম্পূর্ণরূপে আদায় করা সম্ভব হয় নাই এই জন্য যে, ১৯৮৭-৮৮ সনের সমগ্র দেশব্যাপী প্রলয়ঙ্করী বন্যার কারণে কৃষকদের ফসল সম্পূর্ণ বিনষ্ট হয়ে যায়। বন্যার কারণে এমনকি সরকারী ঋণ পর্যন্ত মওকুফ করিয়া দেয়া হয়। ইহা সমজেই অনুমেয় যে, প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে কৃষকদের এহেন সহায় সম্বলহীন অবস্থায় ধার্য্যকৃত অবশিষ্ট সেচকর বাবদ অনাদায়ী ১,০৩,৮৫৯.০০ টাকা সর্বাত্মক প্রচেষ্টা সত্বেও সকলেই পরিশোধ করতে অক্ষমতা জনিত কারণে অস্বীকৃতি জ্ঞাপন করেন। অতএব প্রাকৃতিক দুর্যোগ তথা উদ্ভুত বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়ায় বাস্তবতার আলোকে আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

সেচকর বাবদ অবশিষ্ট আনাদায়ী ৯৭,৩৯৯.৮০ টাকা আদায়যোগ্য না হলে বিধি মোতাবেক মওকুফের ব্যবস্থা নিতে হবে।

৬৯২৪॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি সম্পর্কে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অডিটকে অবহিত করতে হবে।

৬৯২৫॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৫, অনুচ্ছেদ ২ ঃ

অডিট আপত্তি ঃ ১৯৮৭-৮৮ আর্থিক সালের জন্য নির্ধারিত জমি সেচ বহির্ভূত রাখায় সেচ কর বাবদ বোর্ড ৩,৪৬,২৩৯ টাকা হতে বঞ্চিত।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

১৯৮৭-৮৮ আর্থিক সনে শস্য মৌসুমের জন্য সেচকর ব্যবস্থার আওতায় ৩৮৬৬.৮৫ একর জমি নির্ধারিত ছিল। উক্ত নির্ধারিত ৩৮৬৬.৮৫ একর জমির মধ্যে ২৮৫৫.14 একর জমি সেচের বহির্ভূত রাখার বিষয়ে উল্লেখ থাকলেও পরবর্তীতে উক্ত নির্ধারিত ৩৮৬৬.৮৫ এর জমির মধ্যে ৩১৩৩.৮৯ একর জমি সেচের আওতায় আনয়ন পূর্বক মার্চ/৯০ পর্যন্ত সেচকর বাবদ পর্যায়ক্রমে মোট ২,৩৩,৫০৮.৯৬ টাকা (২০% রিবেট বাদে) আদায় করা হয়। অর্থাৎ প্রকৃত পক্ষে কেবল মাত্র (৩৮৬৬.৮৫-৩১৩৩.৮৯) = ৭৩২.৯৬ একর জমি সেচের বহির্ভূত ছিল, আপত্তিতে বর্ণিত ২৮৫৫.14 একর নয়। অতএব ক্রমিক নং ১ -এ বর্ণিত কারণে নির্ধারিত ৩৮৬৬.৮৫ একর জমির মধ্যে ৭৩২.৯৬ একর জমি প্রাকৃতিক দুর্যোগের কারণে সেচের আওতায় আনা সম্ভব হয় নাই। সুতরাং আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের প্রেক্ষিতে আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯২৬॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯২৭॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৫ ও ৬, অনুচ্ছেদ ৩ ঃ

অডিট আপত্তি ঃ ২০,০০০ টাকা মূল্যের মালামাল চুরি।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

চুরি যাওয়া মালামালের ব্যাপারে ১০-১০-১৯৮৭ তারিখে মিরেশ্বরাই থানায় চোরের নাম উল্লেখ পূর্বক এজাহার দেয়া হয়। কিন্তু বার বার তাগিদ দেয়া এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে থানার সহিত যোগাযোগ করার পরেও কোন কার্যকর ব্যবস্থা এযাবত গৃহীত হয়নি। এক্ষেত্রে চুরি যাওয়া মালামালের মূল্য অবলোপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

অডিটের সুপারিশ ঃ

অস্বাভাবিক বিলম্বে (প্রায় ১১ বছর পর) থানায় এজাহার দায়েরের বিষয়ে দায় দায়িত্ব নির্ধারণ আবশ্যক। তবে, এক্ষেত্রে অবলোপন সাপেক্ষে আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯২৯॥ কমিটির সিদ্ধান্ত ঃ জবাবের প্রেক্ষিতে অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৩০॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৬, অনুচ্ছেদ ৪ ঃ

অডিট আপত্তি ঃ উৎসব ভাতা বাবাদ অনিয়মিতভাবে ৭১,২৯১ টাকা অতিরিক্ত প্রদান।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং পি/ এফ/ডি(ইমপ্লি)-৪/এফ.ডি/১/৮৪/৬৪ তাং ১৮-০৫-৮৭ এর প্রেক্ষিতে ১/২ মাসের স্থলে ১ পূর্ণ মাসের উৎসব বোনাস পরিশোধ করা হয়েছে বিধায় আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং পি/এফ/ডি(ইমপ্লি)-৪/এফ.ডি/১/৮৪/৬৪ তাং তাং ১৮-০৫-৮৭ এর মাধ্যমে উৎসব ভাতা বাবদ ১ মাসের মূলবেতনের সম পরিমাণ অর্থ প্রদানের আদেশ জারি হওয়ায় আপত্তিটি মীমাংসিত গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৩১॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৩২॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৬ ও ৭, অনুচ্ছেদ ৫ ঃ

অডিট আপত্তি ঃ সংশোধিত বাজেট বরাদ্দ অপেক্ষা ২,৮৪,৭৪৬ টাকা অতিরিক্ত ব্যয়।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

১৯৮৮-৮৯ সনে কর্মকর্তা/কর্মচারীদের প্রকৃত চাহিদার ভিত্তিতে এবং দাপ্তরিক পরিচালনা ব্যয় নির্বাহের জন্য সংস্থাপন বাজেটের কতিপয় উপখাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত খরচ হয়, যা বোর্ডের স্মারক নং ৫৩৪-পাউবো/অর্থ(ব্যঃনিঃ) তাং ০৪/৩/৯৯ এর প্রেক্ষিতে উপযোজনের উক্ত বরাদ্দের অতিরিক্ত ব্যয় নিয়মিত করা হয়েছে বিধায় আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

পুনঃ উপযোজনের মূলকপি পাওয়া গিয়েছে। সংস্থা/মন্ত্রণালয়ের জবাব অনুযায়ী অতিরিক্ত ব্যয় পুনঃ উপযোজনের মাধ্যমে

নিয়মিত করা হয়েছে বিধায় আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা হইল।

৬৯৩৩৷ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৩৪৷ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৭, অনুচ্ছেদ ৬ ঃ

অডিট আপত্তি ঃ মাস্টার রোল শ্রমিক কর্মচারী নিয়োগে বছরে অনুন্য ৩,৫০,৮০০ টাকা অনিয়মিত ব্যয়।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণঃ

মাস্টার রোল কর্মচারী নিয়োগের ব্যপারে উল্লেখ করা যাচ্ছে যে, মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের সদয় নির্দেশ মোতাবেক নদী গবেষণা ইনষ্টিটিউট ঢাকা হতে ফরিদপুরে স্থানান্তরের ফলে দপ্তরের চারিপাশে বাউন্ডারী-ওয়াল না থাকায় ও দপ্তরের নিয়মিত কর্মচারীর অভাবে দপ্তরের মালামাল ও দপ্তরের নিরাপত্তা রক্ষাকল্পে মাষ্টার রোলে নতুন মজুর/কর্মচারী নিয়োগ করা হয় এবং নিয়োগকৃত মজুর/কর্মচারীদের মজুরী পরিশোধকল্পে ব্যয় বরাদ্দ প্রাপ্তির বিপরীতে তাদের বেতন ভাতাদি পরিশোধ করা হয়। উল্লেখ্য যে, বোর্ডের অনুমোদনক্রমে দপ্তরের কাজের স্বর্থে মাষ্টার রোল মজুর/কর্মচারী নিয়োগ করা হয়। আরো উল্লেখ্য যে, আপত্তিটির জবাব পূর্ত হিসাব নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক সন্তোষজনক বিবেচিত হওয়ায় তাঁহার স্মারক নং-রি-৯/পবি/৮৮-৮৯/৯৪৯/৮৫৮(ক) তাং ১২-০১-৯২ এর মাধ্যমে আপত্তিটি প্রত্যাহার করা হয়। এমতাবস্থায় আপত্তিটি চূড়ান্তভাবে প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

আপত্তিটি খসড়া অনুচ্ছেদ করার পর্যায়ে নিষ্পত্তি করা হয়েছিলো। ইতোমধ্যে অডিট প্রতিবেদন মুদ্রণের কাজ প্রায় সম্পূর্ণ হয়ে যাওয়ায় আপত্তিটি প্রতিবেদনে অন্তর্ভূক্ত করা হয়। আপত্তিটি মীমাংসিত গণ্য করার সুপারিশকরা যাচ্ছে।

৬৯৩৮৷ অডিট আপত্তি সম্পর্কে কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৩৯৷ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৭, অনুচ্ছেদ ৭ ঃ

অডিট আপত্তি ঃ সরকারী নির্দেশ লংঘণ করে উৎসব ভাতা হিসাবে অতিরিক্ত ৪২,৭০০ টাকা প্রদান।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং এম,এফ,পি/এফ/ডি(ইমপ্লি)-৪/এফ,ডি/১/৮৪/৬৪ তারিখ ঃ

১৮-০৫-৮৭ এর প্রেক্ষিতে $\frac{১}{২}$ মাসের স্থলে ১ পূর্ণ মাসের উৎসব বোনাস পরিশোধ করা হয়েছে, বিধায় আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং পি/এফ / ডি (ইমপ্লি)-৪ এফ.ডি/ ১/৮৪ /৬৪ তাং ১৮-০৫-৮৭ এর মাধ্যমে উৎসব ভাতা বাবদ ১ মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ প্রদানের আদেশ জারি হওয়ায আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার জন্য সুপারিশ করা যাচ্ছে।

৬৯৪০৷ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৪১৷ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৭ ও ৮, অনুচ্ছেদ ৮ ঃ

অডিট আপত্তি ঃ প্রাইভেট জমি হতে মাটি সংগ্রহের জন্য চুক্তি প্রদানের পরও রিং বাঁধের মূল্য বাবদ বিধি বহির্ভূতভাবে ঠিকাদারগণকে ৩০,৮০৮ টাকা অতিরিক্ত প্রদান।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণঃ

বেড়ী বাঁধ নির্মাণের লক্ষ্যে ব্যক্তি মালিকানাধীন জমি হতে মাটি ক্রয়ের জন্য রয়ালটি প্রদান করা হয়ে থাকে। মাটি সংগ্রহের স্থানে যাতে জোয়ারের পানি এবং বন্যার পানি ঢুকতে না পারে তার জন্য রিং বাঁধ দেয়া হয়। রয়ালটি প্রদান এবং রিং বাঁধ নির্মাণের বিষয়টি সম্পূর্ণ আলাদা। আলোচ্য ক্ষেত্রে বোর্ড কর্তৃক হুকুম দখলকৃত জমি হতে মাটির সংস্থান না হওয়ায় ব্যক্তি মালিকানাধীন জমি হতে মাটি ক্রয় করে বেড়ী বাঁধ নির্মান করতে হয়েছে এবং তার জন্য রয়ালটি প্রদান করা হয়েছে। প্রকাশ থাকে যে,মাটি সংগ্রহের স্থানে রিং বাধ দিয়া বন্যা এবং জোয়ারের পানি প্রবেশ করা হতে রক্ষা করা হয়েছে। রিং বাঁধের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে মূল্য পরিশোধ করা হয়েছে। উক্ত রিং বাঁধ আইটেমের মূল্য সিডিউল অনুযায়ী প্রাক্কলনে অনুমোদিত হয়েছে। বোর্ডের কাজের স্বার্থে সংশ্লিষ্ট ঠিকাদারকে রিং বাঁধ নির্মাণের জন্য এগ্ট্রা রেইটযোগ্য কর্তৃপক্ষের পূর্ব অনুমোদনক্রমে পরিশোধ করা হয়েছে বিধায় বিধি বহির্ভূতভাবে কোন বিল পরিশোধ করা হয় নাই। অতএব আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের প্রেক্ষিতে অপত্তিটি মীমাংসিত গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৪২৷ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৪৩৷ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৮, অনুচ্ছেদ ৯ ঃ

অডিট আপত্তি ঃ সেচ কর বাবদ ১,৪৫,০০,৯০০ টাকা অনাদায়ী।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

১৯৮৮-৮৯ সন হতে ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পাম্পগুলি ব্যাক্তিমালিকানায় ছেড়ে দেয়া হয়েছে এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং বঃনিঃ-৪/বিশ্ব ব্যাংক/প্র-১২/৮৮(অংশ)/৫৪৯ তারিখ ঃ

০৭-১২-৮৮ সিদ্ধান্ত মোতাবেক পাম্পসমূহের জ্বালানী খরচ ব্যবহারকারীগণই বহন করবেন। এ প্রেক্ষাপটে সেচকর প্রকৃত পক্ষে মওকুফ হয়ে যায়। উল্লেখ্য যে, পূর্বের সেচকর কৃষকের নিকট হতে নানাবিধ কারণে আদায় করার ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হওয়ায় আলোচ্য সেচকর আদায় করা সম্ভব হয় নাই।

অতএব এই অবস্থার প্রেক্ষাপটে আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

পূর্বের সেচকর আদায়ের ক্ষেত্রে জটিলতার ব্যাখ্যা প্রয়োজন। আদায়যোগ্য না হলে বিধি মোতাবেক মওকুফের ব্যবস্থা নিতে হবে।

৬৯৪৪। কমিটির সিদ্ধান্ত ঃ আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অবলোপনপূর্বক অডিটকে অবহিত করতে হবে।

৬৯৪৫। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৮ ও ৯, অনুচ্ছেদ ১০ ঃ

অডিট আপত্তিঃ ঠিকাদারের জামানতের হিসাবে ১,০১,৩১৪ টাকার গরমিল।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

অডিট আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে, ঠিকাদারের জামানত বাবদ জুন ১৯৮৯ সালে ১,১৫,৪৩৫.০০ টাকা হতে ৩,৩৩৮.০০ টাকা পরিশোধ করা হয়। অবশিষ্ট (১১৫৪০৫-৩৩৩৮)

= ১,১২,০৯৭.০০ টাকার মধ্যে ১০,৭৮২.৯১ টাকা মাত্র ব্যাংক হিসাব নং ৪৩৯ খাতে জমা ছিল। অবশিষ্ট ১,০১,৩১৪.০৯ টাকা বরাদ্দকৃত তহবিলের স্বল্পতাহেতু অফিসের কাজের স্বার্থে পরিশোধ করা হলেও পরবর্তী সময় তহবিল প্রাপ্তির পর ক্যাশ বহি ভাউচার নং- ৬৯, ৬২, ৬৩ তাং ১১-১১-৮৯ ও ২৮-১২-৮৯, ভাউচার নং ১৬৫, ১২০, ১৯০, ৬৩, ৪২, ৪০২, ৬০, ৫৯, ১০ তাং যথাক্রমে ১০-০১-৯০, ৪-৬-৯০, ১৭-১০-৯০, ১৭-০৩-৯০,

২৪-১১-৯০, ১১-০৩-৯০, ১১-০৪-৯০, ১২-০৪-৯৩ এবং ০৪-০২-৯০-এর মাধ্যমে জামানতের টাকা ঠিকাদারকে পরিশোধ করা হয়। সুতরাং আপত্তিটি প্রত্যাহারের জন্য সুপারিশ করা যাচ্ছে

অডিটের সুপারিশ ঃ

ঠিকাদারের জামানত হতে দাপ্তরিক ব্যয় নির্বাহ করা বিধি সম্মত নয়। এ বিষয়ে পিএ কমিটির সিদ্ধান্ত প্রয়োজন।

৬৯৫০। কমিটির সিদ্ধান্ত ঃ পরবর্তীতে এ ধরনের অনিয়মের যাতে পুনরাবৃত্তি না হয়, এ শর্তে অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৫১। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৯, ১০ ও ১১, অনুচ্ছেদ ১১-১৭ ঃ

অডিট আপত্তি ঃ ৮,৭২,৩৪৮ টাকার মালামাল চুরি।

অনুচ্ছেদ ঃ ১১ ঃ	৩,৩১,৫১০.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১২ ঃ	৭৬,২০০.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১৩ ঃ	১,৩২,৫৩৪.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১৪ ঃ	২,৩৫,১০৪.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১৫ ঃ	১৪,০০০.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১৬ ঃ	১৪,০০০.০০	,,	,,	,,
অনুচ্ছেদ ঃ ১৭ ঃ	৬৯,০০০.০০	,,	,,	,,
মোট ঃ	৮,৭২,৩৪৮.০০ টাকা			

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

অনুঃ ১১ এর জবাব ঃ আপত্তিতে উত্থাপিত চুরি যাওয়া মালামালের ব্যাপারে তাৎক্ষণিকভাবে একজন গুদামরক্ষক ও একজন উপ-বিভাগীয় প্রকৌশলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। বিভাগীয় তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় শৃংখলা পরিদপ্তরের স্মারক নং ১১৬/১(৬)পাউবো/শৃংখলা শাখা-১/ অভি(ক)/৩৫/৮৯ তাং ১২/৩/৯১ মোতাবেক তাকে চাকুরীতে পুনঃ বহাল করা হয়। গুদাম রক্ষক জনাব নূরুর রহমানকে শৃংখলা পরিদপ্তরের স্মারক নং ২১৬/(৬)-পাউবো/শৃংখলা/

শাখা-১/অভি/৩৫/৮৯ তাং ২৬-৫-৯১ এর মাধ্যমে বেতনক্রমের ৩ ধাপ নিচে নামিয়ে চাকুরীতে পুনঃ বহাল করা হয়। তদন্তে দোষী অপর একজন কর্মচারী জনাব আবু বকর সিদ্দিক নিরাপত্তা প্রহরীকে স্মারক নং ২১৭/(৬)পাউবো/শৃংখলা শাখা-১/অভি(ক)/ ৩৫/৮৯ তাং ২৬-৫-৯১ এর মাধ্যমে তাহার একটি বর্ধিত বেতন দুই বৎসরের জন্য স্থগিতের শাস্তি আরোপ করা হয়। থানা হতে চূড়ান্ত রিপোর্ট পাওয়া গিয়াছে। কিন্তু কোন মালামাল উদ্ধার করা সম্ভব হয় নাই। যেহেতু বিভাগীয় তদন্তের মাধ্যমে শৃংখলা মূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং থানা কর্তৃক মালামাল উদ্ধার করতে পারে নাই সেইহেতু আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুঃ ১২ এর জবাব ঃ চুরি যাওয়া মালামালের বিষয়ে গঠিত বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিত শৃংখলা পরিদপ্তরের স্মারক নং ৮০৬ পাউবো / শৃংখলা / শাখা-১/ অভি(ক)১২/৮৬ তাং -৩০-১০-৮৮ এর মাধ্যমে জনাব আবুল কালাম আজাদ উঃ বিঃ প্রকৌ ঃ কে চুরি বিধি মোতাবেক বেতন ক্রমের ৩ ধাপ নিচে নামিয়ে শাস্তি আরোপ করা হয় এবং স্মারক নং ৮০৭-পাউবো / শৃংখলা/শাখা-১/অভি (ক) ১২/৮৬ তা ৩০-১০-৮৮ এর মাধ্যমে জনাব মোঃ শহিদুর ইসলাম উঃ সহঃ প্রকৌঃ যান্ত্রিক বিভাগ ফেনীকে চাকুরী বিধি মোতাবেক বেতন ক্রমের ৩ ধাপ নিচে নামিয়ে শাস্তি আরোপ করা হয়। চুরি যাওয়া বৈদ্যুতিক পাখার জন্য মরহুম আবুল হোসেন গার্ড দোষী সাব্যস্ত করে উহার মূল্য বাবদ ১২০০ টাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র পাউবো ফেনী এর মানি রিসিট নং ৭৬৫ তাং ৩-৩-৯৯ এর মাধ্যমে আদায় করা হয়। যেহেতু বিভাগীয় ভাবে শৃঙ্খলা মূলক গৃহীত হয়েছে, এবং পাখার মূল্য আদায় করা হয়েছে, সেহেতু আপত্তিটি প্রত্যাহারের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুঃ ১৩ এর জবাব ঃ চুরি যাওয়া মালামালের ব্যাপারে থানায় এজাহার দেয়া হয়েছে। কিন্তু থানা হতে চূড়ান্ত রিপোর্ট পাওয়া যায় নাই। বিভাগীয় তদন্তের জন্য প্রকল্প পরিচালকের স্মারক নং-এ-৮৯/৬০৪ তাং ৩০-৩-৯৪ মোতাবেক প্রাথমিকভাবে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য নির্বাহী প্রকৌশলী বেড়া-পাউবোকে অনুরোধ করা হয়েছিল। উক্ত রপোর্ট না পাওয়ায় পুনরায় একটি তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন যা প্রকল্প পরিচালকের বিবেচনাধীন আছে।

ক্রমিক নং ১ ও ৬ এ বর্ণিত মালামালের ব্যাপারে তদন্ত কমিটির রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুঃ ১৪ এর জবাব ঃ চুরি যাওয়া মালামালের সংখ্যা ছিল ৭টি, তম্মধ্যে ক্রমিক নং ২ এ বর্ণিত বৈদ্যুতিক তামার তার পানি উন্নয়ন বোর্ডের নয়।

ক্রমিক নং ৩ ও ৭ এ বর্ণিত যথাক্রমে চুরি যাওয়া পাম্প ও স্পিড বোটের বডির বিষয়ে থানার সহায়তায় মালামালগুলি উদ্ধার করা হয়। স্পীড বোটের চুরির ব্যাপারে বিভাগীয়ভাবে তদন্ত করা হয়। শৃঙ্খলা পরিদপ্তরের মাধ্যমে উঃ সহঃ প্রকৌঃ গংকে অভিযোগ হতে অব্যাহতি দেয়া হয় এবং স্পীড বোটের বডি কৈটোলা গোডাউনে রক্ষিত আছে। ক্রমিক নং ৪ ও ৫ এ বর্ণিত মালামাল চুরির ব্যাপারে উপ-বিভাগীয় প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী তাঁদের উপর আনীত অভিযোগ বিভাগীয়ভাবে তদন্ত করে শৃংখলা পরিদপ্তরের মাধ্যমে অব্যহতি প্রদান করা হয়েছে। চুরি যাওয়া মালামালের মূল্য অবলোপনের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। ক্রমিক নং ১ ও ৬ এ বর্ণিত মালামালের ব্যাপারে তদন্ত কমিটির রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুঃ ১৫ এর জবাব ঃ প্রধান প্রকৌশলী পানি বিজ্ঞান এর স্মারক নং-১০৭৮/সিইএইচ/২এ/ ১৬০ তাং ২৬-৮-৯২ইং মাধ্যমে চুরির জন্য সর্ব জনাব শুকুর মোড়ল ও মিনহাজ উদ্দিন শিকদার নিরাপত্তা প্রহরীদেরকে দোষী সাব্যস্ত করা হয় এবং সমহারে তাদের নিকট হতে প্রধান প্রকৌশলীর স্মারক নং টিসি-১/১২৫৮ তাং ১৪-০৯-৯২ এর মাধ্যমে জনাব শুকুর মোড়ল এর পেনশন হতে এককালীন ৭,৫০০ টাকা এবং মিনহাজ উদ্দিন শিকদার এর নিকট হইত ২৫(পঁচিশ) কিস্তিতে মাসিক বেতন হইত ৭,৫০০ টাকা কর্তন করা হয়েছে। যেহেতু আপত্তিকৃত সমুদয় টাকা আদায় করা হয়েছে। সুতরাং আপত্তিটি প্রত্যাহারের জন্য সুপারিশ করা যাচ্ছে।

অনুঃ ১৬ এর জবাব ঃ সংঘটিত চুরির বিষয়টি পর্যালোচনা ও পরীক্ষা করে দেখা যায় যে, বিগত মার্চ-৮৩ মাসে কর্মকর্তা, কর্মচারী এবং যাবতীয় মালামালসহ সরকারী কৃষি সম্প্রসারণ বিভাগের নিয়ন্ত্রণ উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের নিকট ন্যস্ত করা হয়। উল্লেখ্য যে, চুরি সংঘঠিত হয় ১৯-৭-৮৩ তারিখে। এতে সুস্পষ্টভাবে বুঝা যায় যে, চুরিকালীন সময়ে আলোচ্য দপ্তরটি পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন না থাকায় বোর্ড কর্তৃক কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয় নাই। অতএব বাস্তব অবস্থার নিরিখে আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুঃ ১৭ এর জবাব ঃ ক্রমিক নং ১ ও ২ এ চুরি যাওয়া মালামালের জন্য স্মারক নং ৭৫ তারিখ ০৭/৯/৮৮ এর মাধ্যমে উজিরপুর থানায় এজাহার দায়ের করা হয়। থানা কর্তৃপক্ষ হতে চুড়ান্ত রিপোর্ট পাওয়া গিয়েছে। কিন্তু চুরি যাওয়া মালামাল উদ্ধার করতে পারেনি।

ক্রমিক -৩ এর মালামালের চুরির জন্য থানায় এফ,আই,আর করা হয় এবং বিভাগীয় তদন্তের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের এসডিসি জনাব আঃ মজিদকে গ্রেফতার করা হয় এবং নৈশপ্রহরী মানিক লাল চক্রবর্তীকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উল্লেখ্য যে, বিভাগীয় তদন্ত ও কোর্ট কর্তৃক তাদেরকে অব্যাহতি দেয়া হয়।

ক্রমিক-৪ এ চুরি যাওয়া মালামালের জন্য থানায় এজাহার করা হয়। থানা কর্তৃপক্ষ কাহাকেও দোষী সাব্যস্ত করতে পারেনি। সিভিল কোর্ট ও বিভাগীয় তদন্তেও কাউকেও দায়ী করতে পারেনি। যেহেতু বিভাগীয় তদন্তে কাহাকেও দায়ী করতে পারেনি এবং থানা কর্তৃপক্ষ ও কোন মালামাল উদ্ধার করতে পারেনি। আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

অনুঃ ১১ঃ চুরিকৃত মালামালের মূল্য ৩,৩১,৫১০ টাকা আদায় করতে হবে।

অনুঃ ১২ঃ টাকা আদায়ের বিষয়টি যাচাই এবং অবশিষ্ট ৭৫,০০০ টাকা আদায় করতে হবে।

অনুঃ ১৩ ঃ জবাবে এজাহার দায়েরের তারিখ উল্লেখ নেই। তাছাড়া চুরির বিষয়ে তদন্ত কমিটি গঠনে সুদীর্ঘ ৭ বৎসর সময় নেয়া হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে বিধি মোতাকে ব্যবস্থা নেয়া প্রয়োজন।

অনুঃ ১৪ ঃ ক্রমিক নং ২ বাস্তব যাচাই প্রয়োজন।

ক্রমিক নং-২ বাস্তব যাচাই প্রয়োজন।

ক্রমিক নং- ৩ ও ৭ ঃ

অবলোপন সাপেক্ষে আপত্তিটি মীমাংসিত গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

ক্রমিক নং ১ ও ৬ সম্পর্কে চূড়ান্ত জবাব প্রয়োজন।

অনুঃ ১৫ ঃ বাস্তব যাচাই করা প্রয়োজন।

অনুঃ-১৬ ঃ বাস্তব যাচাই করা প্রয়োজন।

অনুঃ- ১৭ ঃ ক্রমিক ১ ও ২ - বিভাগীয় তদন্তের মাধ্যমে দায় দায়িত্ব নির্ধারণপূর্বক চুরিকৃত মালমালের মূল্য আদায় করা আবশ্যক।

ক্রমিক নং- ৩ ও ৪ - চুরির বিষয়ে থানায় এজাহার দায়েরের তারিখ উল্লেখ নেই। বিভাগীয় তদন্ত ও কোর্ট কাউকে দায়ী করতে না পারায়, মালামালের মূল্য অবলোপন করা প্রয়োজন।

৬৯৫৬॥ কমিটির সিদ্ধান্ত ঃ বুকস অফ একাউন্টস সঠিক করার জন্য আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে

৬৯৫৭॥ অনুচ্ছেদ ঃ ১২ ঃ ৭৬,২০০ টাকা।

৬৯৬০॥ কমিটির সিদ্ধান্ত ঃ বিষয়টি আইন অনুযায়ী অবলোপনপূর্বক অডিটকে অবহিত করতে হবে।

৬৯৬১॥ অনুচ্ছেদ ঃ ১৩ ঃ ১,৩২,৫৩৪ টাকা।

৬৯৬৪॥ কমিটির সিদ্ধান্ত ঃ আগামী এক মাসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে কমিটিকে অবহিত করতে হবে।

৬৯৬৫॥ অনুচ্ছেদ ঃ ১৪ ঃ ২,৩৫,১০৪ টাকা।

৬৯৬৬॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট কর্তৃক বাস্তব যাচাইয়ে সঠিক প্রমাণিত হলে আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হবে। অন্যথায়, বিষয়টি পুনরায় কমিটিতে পেশ কতে হবে।

৬৯৬৭॥ অনুচ্ছেদ ঃ ১৫ ঃ ১৪,০০০ টাকা।

৬৯৬৮। কমিটির সিদ্ধান্ত ঃ হিসাব সঠিক করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬৯৬৯। অনুচ্ছেদ ঃ ১৬ ঃ ১৪,০০০ টাকা।

৬৯৭৪। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট কর্তৃক বাস্তব যাচাই করতে হবে।

৬৯৭৫। অনুচ্ছেদ ঃ ১৭ ঃ ৬৯,০০০ টাকা।

৬৯৭৭। কমিটির সিদ্ধান্ত ঃ বিষয়টি বিভাগীয় তদন্ত করে তদন্ত রিপোর্ট কমিটিতে পেশ করতে হবে।

১৯৮৯-৯০ সনের অডিট রিপোর্টের পৃষ্ঠা নম্বর-৬৫-৭৪তে বর্ণিত ১৯৮৪-৮৫ সনের অডিট রিপোর্ট / হিসাবের ওপর ৫/১২/৮৮ তারিখে অনুষ্ঠিত তৃতীয় পাবলিক একাউন্টস কমিটির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত সম্বলিত দ্বিতীয় প্রতিবেদনের বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত।

৬৯৮০। পৃষ্ঠা-২৩-২৮ ঃ অনুচ্ছেদ ২৪ (খ) ঃ

অডিট মন্তব্য ঃ

(ক) ১২টি প্রকল্পে চূড়ান্ত বরাদ্দ ৬২,৭০,০০,০০০ টাকা ব্যয় ৬২,৭০,১৯,২৩৮ টাকা অতিরিক্ত ব্যয় ৩৩,১৯,২৩৮ টাকা। এ অতিরিক্ত ব্যয় সংশোধিত বাজেট বরাদ্দের মাধ্যমে সমন্বয় করা উচিত ছিল।

(খ) ৩৩টি প্রকল্পে চূড়ান্ত বরাদ্দ ২,৯৪,১১,০০.০০০ টাকা, ব্যয় ২,২৩,৭২,৪০,৬৮০ টাকা। কম ব্যয় ৭০,৩৮,৫৯,৩২০ টাকা। এই কম ব্যয় বছরান্তে সংশোধিত বাজেট বরাদ্দের মাধ্যমে হিসাবে সমন্বয় করা উচিত ছিল।

(গ) ১৪টি প্রকল্পে বরাদ্দ ছাড়াই ৩,৬৪,৪৬,০২৬ টাকা ব্যয়। এ অনিয়মিত ব্যয়ের কোন ব্যাখ্যা / মন্তব্য প্রদান করা হয়নি।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

জবাবের প্রেক্ষিতে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার জন্য সুপারিশ সহকারে সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির বরাবরে প্রেরণ করেছেন। স্মাঃ নং-রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/৯৪৬৯, তাং ০৩/১২/৯৭)।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৮২। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত এবং সিদ্ধান্ত বাস্তবায়িত বলে গণ্য করা হলো।

৬৯৮৩। পৃষ্ঠা ২৯-৩২, অনুচ্ছেদ ঃ ২৫ (ক ও খ) ঃ

অডিট মন্তব্য ঃ

(ক) যযথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ২৯টি প্রকল্পে মোট ৭৫,৪০,১৫,০১২ টাকা ব্যয়। যথাযথ কর্তৃপক্ষের প্রশাসনিক অনুমোদন নেয়া প্রয়োজন।

(খ) ২৮টি প্রকল্পে প্রশাসনিক মঞ্জুরীকৃত টাকা ৩,৮৬,৭৫,৪৩,০০০ অপেক্ষা বৃদ্ধিশীল ব্যয় ৭,৮৮,৬১,২৪,৬০২ টাকা। অতিরিক্ত ব্যয় ৪,০১,৮৫,৮০,৬০২ টাকা। এ অতিরিক্ত ব্যয়ের সংশোধিত মঞ্জুরীর মাধ্যমে নিয়মিত করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

ক) নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত ২৯ টি প্রকল্পের মধ্যে ২৫টি প্রকল্পের প্রশাসনিক অনুমোদন রয়েছে। অবশিষ্ট ৪টি প্রকল্পের যথা (১) ঢাকা সাউথ ইষ্ট প্রকল্প (২) কুমিল্লা জেলার গোমতী নদীর তীর সংরক্ষণ প্রকল্প (৩) সমাপ্তকৃত ডাচ সুইডিশ ইআইপি প্রকল্প (৪) পোল্ডার নং ৫৯/৩ এ জনস্বার্থে ও সম্পদ রক্ষণাবেক্ষণের লক্ষ্যে জরুরী খরচ ও বকেয়া বিল পরিশোধার্থে সরকার কর্তৃক বরাদ্দকৃত থোক বরাদ্দ হতে পরিশোধ করা হয়। উল্লেখ্য যে উল্লেখিত প্রকল্পগুলির সমাপ্তির প্রতিবেদনে চূড়ান্ত করা হয়েছে।

অতএব আপত্তিটি মীমাংসা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

খ) নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত ২৮টি প্রকল্পের সংশোধিত প্রাক্কলিত ব্যয় কর্তৃপক্ষ কর্তৃক ইতমধ্যে অনুমোদিত হয়েছে।

অতএব, অনুমোদনের আলোকে আপত্তিটি প্রত্যাহার করার জণ্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

ক) বাস্তব যাচাই প্রয়োজন।

খ) বাস্তব যাচাই প্রয়োজন।

৬৯৮৪। কমিটির সিদ্ধান্ত ঃ অডিটের বাস্তব যাইয়ের জন্য প্রয়োজনীয় কাগজপত্র অডিটের নিকট পাঠাতে হবে।

৬৯৮৫। অডিট রিপোর্টের পৃষ্ঠা-৩৩, অনুচ্ছেদ-২৬ (ক ও খ) ঃ

অডিট মন্তব্য ঃ

(ক) খনন সংস্থার অনাদায়ী ২৫,০৩,৯২৮ টাকা। আর্থিক বিধান কার্যকরী না করাই এ বিরাট অংকের রাজস্ব অনাদায়ী পড়ে থাকার কারণ। অনাদায়ী রাজস্ব আদায় করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

(খ) যান্ত্রিক সংস্থার অনাদায়ী ৮,৭৯,৯৫৪ টাকা। অনাদায়ী রাজস্ব আদায়ের বাস্তবভিত্তিক পদক্ষেপ নেয়া প্রয়োজন। মোট অনাদায়ী ৩৩,৮৩,৮৮২ টাকা।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

খনন সংস্থার ১৯৮৪-৮৫ সনের স্থিতি পত্রের প্রাইভেট পার্টির নিকট হতে অনাদায়ী ২৫,০৩,৯২৮ টাকার মধ্যে ২৪,৫৪,৩৪০.৯৪ টাকা আদায় হয়েছে। অবশিষ্ট ৪৯,৫৮৭.০৬ টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।

অডিটের সুপারিশ ঃ

অবশিষ্ট ৪৯,৫৮৭.০৬ টাকা আদায় করিয়া পুনঃ জবাব প্রদান করা প্রয়োজন।

৬৯৮৭। কমিটির সিদ্ধান্ত ঃ বাকী টাকা আদায়পূর্বক প্রমাণপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

৬৯৮৮। অডিট রিপোর্টের পৃষ্ঠা-৩৪, অনুচ্ছেদ ২৭ (ক ও খ) ঃ

অডিট মন্তব্য ঃ

(ক) বৈদেশিক ঋণ

(১) পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত মোট ২০ দফায় বিভিন্ন বৈদেশিক মুদ্রায় ঋণ ও অনুদান প্রাপ্ত হয়েছে। কিন্তু এ ঋণ ও অনুদান দেশীয় মুদ্রায় রুপান্তর করে

বিবরণীতে প্রদর্শিত না করায় মোট প্রাপ্ত ঋণের পরিমাণ জানা যাচ্ছে না। বিবরণীতে দেশীয় মুদ্রায় রূপান্তরিত করে প্রাপ্ত ঋণের মোট পরিমাণ দেখানো উচিত।

(২) আলোচ্য সালে বৈদেশিক ঋণের আসল বাবদ ৮২,২২,১৩৫ টাকা এবং ১০৮,৬০৮ পাউন্ড পরিশোধ করা হয়েছে। পরিশোধিত পাউন্ড স্টার্লিং দেশীয় মুদ্রায় রূপান্তরিত করা প্রয়োজন ছিল। ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের পরিমাণ বর্ণনা করা হয়নি। ফলে পরিশোধযোগ্য ঋণের আসল সময় মত পরিশোধ করা হচ্ছে কিনা এ সম্বন্ধে নিশ্চিত হওয়া যায়নি।

(৩) আলোচ্য সালে আসলের সুদ বাবদ মোট ৩,০১,৮০,১০৫.৯৩ টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত পরিশোধযোগ্য সুদের পরিমাণ কত ছিল তা উল্লেখ করা হয়নি। ফলে পরিশোধযোগ্য সুদ সময়মত পরিশোধ করা হচ্ছে কিনা তা ধারণা করা যাচ্ছে না।

(খ) সরকারী ঋণ

(১) পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সরকার হতে প্রাপ্ত মোট ঋণের পরিমাণ ৫,৫৫,২০,৫২,৩৩৭ টাকা এবং উক্ত বছর পর্যন্ত পরিশোধযোগ্য আসলের পরিমাণ ছিল ১,৮৯,৩১,৪৪,৬১১ টাকা। কিন্তু উহা হতে মাত্র ১৯,৭৬,৪৬,১১৪ টাকা পরিশোধ করা হয়। অবশিষ্ট ১,৬৯,৫৪,৮৯,৪৯৭ টাকা অপরিশোধিত থেকে যায়। আরো দেখা যায় যে, ১৯৭২-৭৩ সাল হতে গৃহীত ঋণের কোন আসল পরিশোধ করা হয়নি। এর কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

(২) ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত সুদ বাবদ প্রদেয় টাকার পরিমাণ ছিল ৩,৩৭,৪৫,৫১,৫৭ টাকা। কিন্তু আলোচ্য বছর পর্যন্ত মোট কত টাকা সুদ বাবদ প্রদত্ত হয়েছে তা উল্লেখ করা হয়নি। ফলে প্রদেয় সুদ শর্তানুযায়ী পরিশোধ করা হচ্ছে কিনা তা জানার অবকাশ নেই।

(৩) এখানে উল্লেখ করা যেতে পারে ১৯৭৮-৭৯ সাল হতে আলোচ্য সাল পর্যন্ত বোর্ড সরকার হতে কোন ঋণ প্রাপ্ত হয়নি।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

জবাবের প্রেক্ষিতে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক রি-৯/পিএসি/৮৪-৮৫৮৬৬/৯৪৬৯(৩) তাং ০৩/১২/৯৭ এর মাধ্যমে আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার জন্য সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির বরাবরে লেখা হয়েছে।।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৯০॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৯১॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৩৫ ও ৩৬, অনুচ্ছেদ ২৮ ও ২৯ ঃ

অডিট মন্তব্য ঃ

অমীমাংসিত অডিট আপত্তি, স্বাধীনতা পূর্ব হতে ১৯৮৪-৮৫ সাল পর্যন্ত পানি উন্নয়ন বোর্ডের মোট ৫,৭৫১টি আপত্তি অমীমাংসিত রয়েছে। পরিদর্শন প্রতিবেদনের জবাব প্রদান করতে বিলম্ব হবার ফলে আদায়যোগ্য টাকা সংশ্লিষ্ট ঠিকাদার, কর্মকর্তা, কর্মচারী অথবা অন্যান্য ব্যক্তিবিশেষের নিকট হতে আদায়ে কেবলমাত্র বিলম্বই ঘটে না বরং আর্থিক অনিয়মাবলীর মীমাংসা কিংবা নিয়মিত করাও সম্ভব হয় না। এতদ্ব্যতীত জবাব প্রেরণে বিলম্বের ফলে অডিট আপত্তি নিজস্ব শক্তি হারিয়ে ফেলে। সর্বোপরি বরখাস্ত, মৃত্যু, চাকুরী হতে পদত্যাগ, অবসর গ্রহণ ইত্যাদি কারণে আর্থিক ক্ষতির জন্য দায়ী কর্মচারীর শাস্তি এড়িয়ে যাবার আশংকা থেকে যায়।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

জবাবের প্রেক্ষিতে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/৯৪৬৯(৩) তাং ০৩/১২/৯৭ এর মাধ্যমে আপত্তিটি মীমাংসিত হিসাবে গণ্য করার জন্য সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতির বরাবরে লেখা হয়েছে।।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৯২॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৯৩॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪-(১)ঃ

অডিট মন্তব্য ঃ

রাজস্ব হিসাব ১৯৮৪-৮৫ সালে অগ্রিম রাজস্ব বাবদ ৫৫,২৪,৯৪৩.৯৪ টাকা আয় হিসাবে দেখানো হয়েছে। অগ্রিম রাজস্ব আলোচ্য বছরের রাজস্ব খাতে আয় হিসাবে অন্তর্ভুক্ত করার কারণ ব্যাখ্যা করা প্রয়োজন হিসাবে ৫,০০০ টাকার গরমিল রয়েছে। এ গরমিল নিরসন করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯(৩) তাং ০৩/১২/৯৭ এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হয়েছে।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৬৯৯৪॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৬৯৯৫॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা-৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪ (২) ঃ

অডিট মন্তব্য ঃ

কলকজা ঃ যান্ত্রিক সরঞ্জামের খুচরা যন্ত্রাদি ও ভান্ডার পরিদপ্তর হতে প্রাপ্ত ভাণ্ডার খাতে যথাক্রমে ২,৭১,৮২,৯৯১.৬০ এবং ৪৮,০৪,০৫৭.৪৩ টাকা দেখানো হয়েছে। বিষয়টি সরেজমিনে তদন্ত করে প্রকৃত অবস্থা নিরূপণ করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯(৩) তাং ৩/১২/৯৭ এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হয়েছে।

অডিটের সুপারিশ ঃ
মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।
৬৯৯৬। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।
৬৯৯৭। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪(৩)ঃ
অডিট মন্তব্য ঃ
কর্ণফুলী ও গংগা কপোতাক্ষ প্রকল্প হতে উদ্ধৃত্ত ১,৮০,৪২,৬৬৪.৩১ টাকার মালামাল গৃহীত হয়। ৮% ভাগ অবচয় দেখিয়ে ১৯৮৪-৮৫ সালে স্থিতি দাঁড়িয়েছে ২৭,৬৬,৩৩৩.১৭ টাকা। উক্ত মালামালের স্থিতি সম্পর্কে কোন বাস্তব প্রতিপাদন করা হয় নাই।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
স্থিতিপত্রে অকেজো মালামালের বিষয়ে তদন্ত কমিটি একটি জরীপ প্রতিবেদন প্রস্তুত করতঃ জরীপকৃত প্রতিবেদন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং অকেজো মালামাল নিলামে বিক্রয় করিয়া বিক্রয় লব্ধ অর্থ বোর্ডের তহবিলে জমা করা হয়েছে। সুতরাং মন্তব্যটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
অডিটের সুপারিশ ঃ
সরেজমিনে যাচাই প্রয়োজন।
৬৯৯৮। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট কর্তৃক সরেজমিনে যাচাই করতে হবে।
৬৯৯৯। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪(৪)ঃ
অডিট মন্তব্য ঃ
কর্মচারীদের প্রদত্ত ১৪,৪৬,৮৮৪.০৫ টাকা অনাদায়ী। এ টাকা সত্ত্বর আদায় বছরভিত্তিক বিশ্লেষণ প্রয়োজন।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯ তাং ৩/১২/৯৭ ইং এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হয়েছে।
অডিটের সুপারিশ ঃ
মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।
৭০০০। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।
৭০০১। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪ (৫)ঃ
অডিট মন্তব্য ঃ
স্থিতিপত্রে বিবিধ দেনাদার খাতে ৯,৩৬,৭১,১৯১.২৭ টাকা অনাদায়ী। অনাদায়ী রাজস্ব বছরওয়ারি বিশ্লেষণ ও বকেয়া আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
আপত্তিকৃত ৯,৩৬,৭৯,১৯১.২৭ টাকার মধ্যে ৬,২৯,৫৪,৩৭৩ টাকা আদায় করা হয়েছে। অবশিষ্ট ৩,০৭,২৪,৮১৮.২৭ টাকা আদায় করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে।
অডিটের সুপারিশ ঃ
অবশিষ্ট অনাদায়ী ৩,০৭,২৪,১৮১.২৭ টাকা আদায় করিয়া পুনরায় জবাব প্রদান করা প্রয়োজন।
৭০১৫। কমিটির সিদ্ধান্ত ঃ আন্তঃমন্ত্রণালয় বৈঠকে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে বিষয়টি মীমাংসার উদ্যোগ নিতে হবে।
৭০১৬। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪-(৬) ঃ
অডিট মন্তব্য ঃ
১৯৮৫ সালের ৩০শে জুন ২,৮৪,৯৩,৬৩৮.৩২ টাকা বিভিন্ন ব্যাংকে গচ্ছিত ছিল যার উপর সংস্থা মাত্র ১,৮৫,৭০৬.১৩ টাকা সুদ বাবদ পায়। নিয়ম অনুযায়ী এসটিডি, হিসাবে সাড়ে চার শতাংশ হারে উক্ত সংস্থা সুদ বাবদ ১০,০০,০০০.০০ টাকা পাওয়া উচিত। বিষয়টি ব্যাংকে তদন্ত করে কম প্রাপ্ত সুদ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯ তাং ৩/১২/৯৭ এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হয়েছে।
অডিটের সুপারিশ ঃ
মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।
৭০১৭। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।
৭০১৮। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪ (৮) ঃ
অডিট মন্তব্য ঃ
স্থিতিপত্রে ৩ জন কর্মকর্তার নিকট ১,০৯,৬৪১ টাকা দীর্ঘদিন অসমন্বয় হিসাবে পড়ে রয়েছে। বিষয়টি তদন্ত করে এ টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
উল্লেখিত ৩ জন কর্মকর্তার নামে ব্যয়নির্বাহের জন্য সাময়িক আগাম দেয়া হয়েছিল। পরবর্তীতে উক্ত টাকা বিলের মাধ্যমে সমন্বয় করা হয়েছে। সুতরাং আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
অডিটের সুপারিশ ঃ
বাস্তব যাই সাপেক্ষে মীমাংসাযোগ্য।
৭০১৯। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।
৭০২০। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪ (৯) ঃ
অডিট মন্তব্য
স্থায়ী আমানত খাতে ২০,০০,০০০ টাকা বিনিয়োগ দেখানো হয়েছে। উক্ত টাকার উপর ১৯৮৪-৮৫ সালে প্রাপ্ত সুদ রাজস্ব হিসাবে দেখানো হয়নি। যা রাজস্ব হিসাবে দেখানো উচিত ছিল।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

আপত্তিগুলি সরেজমিনে যাচাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯ তাং ৩/১২/৯৭ এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৭০২১। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০২২। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫-৪৭, অনুচ্ছেদ ৩৪ (১০) ঃ

অডিট মন্তব্য ঃ

স্থিতিপত্রে দায়দায়িত্ব সাইডে প্রদর্শিত ঋণ বাবদ গৃহীত ১,৭৮,১২,৬৭৮.৯৮ টাকা প্রাপ্তির উৎস ও আগাম ও পরিশোধের বিবরণ দেয়া হয়নি। উক্ত বিবরণ স্থিতিপত্রের সঙ্গে সংযোজন করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯ তাং ৩/১২/৯৭ ইং এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৭০২৩। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০২৪। অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪৫ - ৪৭, অনুচ্ছেদ ৩৪ (১১) ঃ

অডিট মন্তব্য ঃ

১৯৮৩-৮৪ ও ১৯৮৪-৮৫ সনে সংস্থার সর্বমোট ৮,১৫,৮০,৭৪৫ টাকা নীট লোকসান হয়েছে। সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে ঘাটতি পরিহার করে সংস্থাটিকে লাভজনক হিসাবে পরিণত করার বাস্তব পদক্ষেপ নেয়া প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

বোর্ডের কর্মকান্ডে সক্রিয় ভূমিকা পালনের জন্য ড্রেজার ও যান্ত্রিক পরিদপ্তরের সৃষ্টি করা হয়। এই দুইটি প্রতিষ্ঠানের ওভারহেড ব্যয় যাতে বোর্ডের ওভার হেডের দরকার না পড়ে সে জন্য এই দুটি প্রতিষ্ঠানকে স্ব-নির্ভর করে তোলার প্রচেষ্টা গ্রহণ করা হচ্ছে। আশা করা যায় যে, এই দুটি প্রতিষ্ঠান লাভজনক প্রতিষ্ঠানে উন্নীত করা হবে। সুতরাং আপত্তিটি প্রত্যাহারের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

বিষয়টি পিএ কমিটির বিবেচনাযোগ্য।

৭০৩৫। কমিটির সিদ্ধান্ত ঃ বর্তমানে প্রতিষ্ঠানটি লাভজনক পর্যায়ে উন্নীত হয়েছে বিধায় অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৩৬। অডিট রিপোর্টের পৃষ্ঠা ১৬৬-১৬৮, অনুচ্ছেদ ১০০ (২) ঃ

অডিট মন্তব্য ঃ

স্টোরে মালামাল ঘাটতি বাবদ ২৪,০০০ টাকা ক্ষতি। দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক ক্ষতির টাকা আদায় করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

১৩,০০০ টাকা মূল্যের চুরি যাওয়া ১১৭টি ড্রিলিং রডের মধ্যে ২৪ টি উদ্ধার করা হয়েছে। চুরি যাওয়া রডের জন্য একজন পিয়নকে দায়ী করে চাকুরীচ্যুত করা হয়। কিন্তু বোর্ডের নিকট তার কোন পাওনা না থাকায় উক্ত টাকা আদায় করা সম্ভব হয় নাই। ফলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক রডের মূল্য বোর্ডের স্মারক নং ১০২৭/ (৩)/সিই এইচ/১এস-৩৯ তাং ২৮-৮-৯০ মাধ্যমে অবলোপন করা হয়েছে। সুতরাং আপত্তিটি মীমাংসা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৭০৩৭। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৩৮। অডিট রিপোর্টের পৃষ্ঠা - ১৬৬ - ১৬৮, অনুচ্ছেদ ১০০ (৫) ঃ

অডিট মন্তব্য ঃ

৫,২৭,১০০ টাকার মালামাল চুরি। দায়িত্ব নির্ধারণপূর্বক ক্ষতির টাকা আদায় করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

আপত্তিগুলি সরেজমিনে যাই করার পর রেকর্ডপত্র সঠিক পাওয়ায় পূর্ত অডিট অধিদপ্তরের স্মারক নং রি-৯/পিএসি/৮৪-৮৫/৮৬৬/ ৯৪৬৯ তাং ৩/১২/৯৭ এর মাধ্যমে মীমাংসা করার জন্য সুপারিশসহ সংসদীয় স্থায়ী কমিটিকে অনুরোধ করা হয়েছে।

অডিটের সুপারিশ ঃ

মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৭০৩৯। কমিটির সিদ্ধান্ত ঃ অডিট আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৪০। অডিট রিপোর্টের পৃষ্ঠা ১৬৬ - ১৬৮, অনুচ্ছেদ ১০০ (৬) ঃ

অডিট মন্তব্য ঃ

সেচ কর বাবদ ৬,৫৭,২২৫ টাকা অনাদায়ী। বকেয়া সেচ কর বাবদ ৬,৫৭,২২৫ টাকা আদায় করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

ক্ষুদ্র ক্ষুদ্র সেচ পাম্পগুলি স্থানীয় সমিতির নিকট বিক্রি করা হয়েছে। উক্ত পাম্পের জ্বালানীসহ যাবতীয় খরচ সমিতির সদস্যরাই বহন করতেছেন। ফলে তাদের নিকট হতে কর আদায়ের অবকাশ নাই। তাছাড়া কর আদায়ের ক্ষেত্রে নানাবিধ কারণে জটিলতা সৃষ্টি হয়েছে এবং বকেয়া কর আদায় করা সম্ভব নয় বিধায় আপত্তিটি নিস্পত্তি হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

পাম্পসমূহ কোন্ সময় বিক্রয় করা হয়েছে জবাবে তা উল্লেখ নাই। বকেয়া কর আদায়ের বিষয়ে জটিলতার ব্যাখ্যা প্রয়োজন।

৭০৪১॥ কমিটির সিদ্ধান্ত ঃ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অবলোপনপূর্বক অডিটকে অবহিত করতে হবে।

৭০৪২ অডিট রিপোর্টের পৃষ্ঠা ১৬৬ - ১৬৮, অনুচ্ছেদ ১০০ (৮) ঃ

অডিট মন্তব্য ঃ

চিকিৎসা সুবিধা বাবদ ২১,১৩০ টাকা অতিরিক্ত প্রদান। দায়ী ব্যক্তি / ব্যক্তিবর্গের নিকট হতে উক্ত টাকা আদায় করা প্রয়োজন।

সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

বোর্ডের ১৯৮২ সালের চাকুরী বিধি অনুযায়ী চিকিৎসা ভাতা পরিশোধ করা হয়েছে। এতে কোন অনিয়ম হয় নাই বিধায় আপত্তিটি নিস্পত্তি হিসাবে গণ্য করার জন্য অনুরোধ করা যাচ্ছে

অডিটের সুপারিশ ঃ

জবাব অনুযায়ী চাকুরী বিধি ১৯৮২ এর সংশ্লিষ্ট অংশ পরীক্ষা করা হচ্ছে। উক্ত চাকুরী বিধি অনুযায়ী চিকিৎসা সুবিধা প্রাপ্য। মন্তব্যটি মীমাংসিত গণ্য করার সুপারিশ করা যাচ্ছে।

৭০৪৩॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৪৪॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা - ৪১, মন্তব্য ১ ঃ

অডিট মন্তব্য ঃ

স্থায়ী সম্পদের রেজিষ্টার সংরক্ষণ করা হয়নি।

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

বর্তমানে স্থায়ী জামানতের রেজিষ্টার সুষ্ঠভাবে সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে বিধায় আপত্তিটি প্রত্যাহারের জন্য সুপারিশ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

বাস্তব যাচাই প্রয়োজন।

৭০৪৫॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিটের বাস্তব যাচাই সাপেক্ষে অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৪৬॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪১, মন্তব্য ২ ঃ

অডিট মন্তব্য ঃ

অবচয় বাবদ ৪০,৪৩,০৬২.৯৫ টাকা বিনিয়োগ করা হয়নি।

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

পরিদপ্তরটি স্ব আয়ে পরিচালিত একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের রাজস্ব আয় প্রয়োজনীয় ব্যয়ভারের তুলনায় অত্যন্ত অপ্রতুল হওয়ায় অবচয় খাতের তহবিল হতে বিভিন্ন সময়ে শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধ করা হয়েছে। যা পরবর্তী সময়ে তহবিল/রাজস্ব প্রাপ্তির সাথে সাথেই উক্ত খাতে সমন্বয় করা হয়েছে। উক্ত অবচয় খাতের টাকা বিনিয়োগ না করলেও ব্যাংক হিসাবে জমা রাখা ছিল এবং যথারীতি সুদও পাওয়া গিয়াছে। কাজেই যাস পরিদপ্তর আর্থিক সুবিধা হতে ব ি্চত হয় নাই। সুতরাং আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

বাস্তব যাচাই প্রয়োজন।

৭০৪৭॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৪৮॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা-৪২, মন্তব্য ৩ ঃ

অডিট মন্তব্য ঃ

কর্মচারীদের প্রদত্ত অগ্রীম ১৮,৭১,৮২১ টাকা।

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ তাদের নিজ/ পারিবারিক প্রয়োজনে বোর্ডের বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরতযোগ্য ঋণ (গৃহ নির্মাণ, গৃহ মেরামত, সিপিএফ, জিপি (এফ আগাম, মটর সাইকেল আগাম) গ্রহণের সুবিধা রয়েছে। সেই প্রেক্ষিতে বিভিন্ন সময়ে যাস পরিদপ্তরাধীন কর্মকর্তা এবং কর্মচারীকগণ বিধি মোতাবেক ঋণ গ্রহণ করেছেন। যা যথারীতি তাদের মাসিক বেতন বিল হতে কর্তন করা হচ্ছে এবং যা যুগপৎভাবে প্রতি বছরই ঋণ প্রদান করা হচ্ছে। কোন অবস্থায় উক্ত আগাম অনাদায়ের অবকাশ নাই। এই অবস্থার প্রেক্ষাপটে সংস্থার আর্থিক ক্ষতির প্রশ্ন জড়িত নয়। অতএব আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

বাস্তব যাচাই প্রয়োজন।

৭০৪৯॥ কমিটির সিদ্ধান্ত ঃ টাকা আদায়ের অগ্রগতি ও প্রমাণক কাগজপত্র অডিট কর্তৃক বাস্তব যাচাই করাতে হবে।

৭০৫০॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা-৪২, মন্তব্য ৪ ঃ

অডিট মন্তব্য ঃ

ব্যাংক স্থিতি ১,৯৬,০৪,৩৭৬ টাকা।

সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ

যাস পরিদপ্তরটি একটি স্ব-আয়ে পরিচালিত প্রতিষ্ঠান হওয়ায় যে কোন মুহূর্তেই লেনদেনের জন্য অর্থের প্রয়োজনীয়তা দেখা দেয়া অত্যন্ত স্বাভাবিক। সংগত কারণে স্থায়ী আমানতে বিনিয়োগ করা সম্ভব ছিল না। পক্ষান্তরে বোর্ডের বিধি মোতাবেক এসটিডি হিসাব সুদ বহণ করে এবং যথারীতি উক্ত ব্যাংক স্থিতি অর্থের উপর ব্যাংক সুদ পাওয়া গিয়াছে। এতে সংস্থার কোন আর্থিক ক্ষতি সাধিত হয় নাই। এই অবস্থার প্রেক্ষাপটে আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অডিটের সুপারিশ ঃ

এস টি ডি হিসাবে প্রাপ্ত সুদ স্থায়ী আমানত হিসাবের বিপরীতে প্রাপ্য সুদের তুলনায় কম হওয়ার কারণে এ ক্ষেত্রে সরকারী অর্থের ক্ষতি হয়েছে বলে অডিট মনে করে। ভবিষ্যতে এস টি ডি হিসাবে রক্ষিত অর্থের একটি যৌক্তিক সিলিং থাকা প্রয়োজন। উপরোক্ত মন্তব্য সাপেক্ষে মন্তব্যটি মীমাংসিত গণ্য করা যেতে পারে।

৭০৫১॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট মন্তব্যটি মীমাংসিত বলে গণ্য করা হলো।

৭০৫২॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪২, মন্তব্য ৫ ঃ

অডিট মন্তব্য ঃ অনাদায়ী পাওনা ৮,৭০,৫২,৮৭৪ টাকা।
সংস্থা/মন্ত্রণালয়ের জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
১৯৮৯-৯০ সালের স্থিতিপত্রে অনাদায়ী পাওনা বাবদ ৮,৭০,৫২,৮৭৪ টাকা প্রদর্শিত হলেও উক্ত আনাদায়ী পাওনা হতে ১৯৯৪ পর্যন্ত মোট ২,৮২,৮১,৫৫৮ টাকা আদায় করা হয়েছে। এবং পরবর্তীতে ক্রমশঃ অনাদায়ী পাওনার পরিমাণ কমে আসছে। অতএব আপত্তিটি মীমাংসিত বলে গণ্য করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
অডিটের সুপারিশ ঃ
টাকা দ্রুত আদায়ের ব্যবস্থা গ্রহণ করা প্রয়াজন। উল্লেখ্য, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের নিকট পাওনা টাকা সম্পর্কে সংস্থা কর্তৃক কোন মন্তব্য করা হয়নি।
৭০৬৩॥ কমিটির সিদ্ধান্ত ঃ
(১) অর্থ সচিব-এর মধ্যস্থতায় সংশ্লিষ্ট সচিবগণ আন্তঃমন্ত্রণালয় বৈঠকের মাধ্যমে বিরোধ থাকলে তা নিষ্পত্তির মাধ্যমে অর্থ আদায়ের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন;
(২) ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের কাছ থেকে কত টাকা আদায় করা হয়েছে, কত টাকা বকেয়া আছে এবং বকেয়া আদায়ের ব্যাপারে অত্যন্ত দ্রুততার সংগে আইন-সম্মত ব্যবস্থা গ্রহণপূর্বক অডিটকে অবহিত করতে হবে; এবং
(৩) বকেয়া টাকা আদায়ের ব্যাপারে দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করেছিলেন কিনা বা যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কিনা, সে সম্পর্কে একটি রিপোর্ট কমিটিতে পেশ করতে হবে।
৭০৬৪॥ অডিট রিপোর্টের পৃষ্ঠা ৪২, অনুচ্ছেদ ৬ ঃ
অডিট মন্তব্য ঃ
মজুদ মালামাল খাতে ৬৮,৫২,৪১১ টাকা গরমিল।
সংস্থা/মন্ত্রণালয়ের সর্বশেষ জবাবের সংক্ষিপ্ত বিবরণ ঃ
চাটার্ড একাউনটেন্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত স্থিতিপত্রে প্রদর্শিত মওজুদ মালামালের মূল্য বুক ভ্যালু অনুযায়ী ৯৭,৬৫,৭১৬.৯২ টাকা। কিন্তু অডিট আপত্তিতে উল্লেখ করা হয় ১,৬৫,১৮,১২৭.৯২ টাকা যা সঠিক নহে। অতএব আপত্তিটি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
অডিটের সুপারিশ ঃ
বিষয়টি অডিট কর্তৃক পুনরায় পরীক্ষা করা প্রয়োজন।
৭০৬৫॥ কমিটির সিদ্ধান্ত ঃ অডিট কর্তৃক বাস্তব যাই করাতে হবে এবং প্রয়োজনবোধে বিষয়টি পুনরায় কমিটিতে পেশ করতে হবে।

স্বাক্ষরিত
১৭-০১-২০০১
(এস এম আকরাম)
সভাপতি
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি